দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

ISO:9001:2015 Certified

ফোন ঃ ০৫৩১-৬৪৪৬৫(অফিস)
০৫৩১-৬৪১৯৬ (অভিযোগ কেন্দ্র)
ফ্যাক্স ঃ ০৫৩১-৫১৮৭৪
ইমেইল-dpbsone@gmail.com

স্মারক নং-২৭.১২.২৭৬৪.৫১৮.০২.০০৮.২২. ৫০২৩ তারিখ- ২৭ আশ্বিন'১৪২৯ বঙ্গাব্দ
১২/১০/২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ / প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও পদ সংখ্যা | বয়স সীমা | বেতন স্কেল কাঠামো | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) ০৩ টি (সংখ্যা কম বা বেশী হতে পারে)। | ০১। ০১/১১/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।<br><br>০২। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর স্মারক নং-০৫. ০০. ০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখ- ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ অনুযায়ী ২৫ মার্চ ২০২০খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০ টাকা হতে ৪৬,২৪০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) এসএসসি/সমমান ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) কম্পিউটার সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।<br>ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজী ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) ওয়ার্ড প্রোসেসিং ও প্রিন্টিং, ই-নথি যোগাযোগ, তথ্য ও ফাইল ফোল্ডার সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে দক্ষতা ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>চ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কার ভাবে উপস্থাপনে দক্ষ ও সক্ষম হতে হবে। | বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, চাপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফরিদপুর, ফেনী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া,. লক্ষীপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নেত্রকোনা, নোয়াখালী, পাবনা, পটুয়াখালী, পিরোজপুর, রাজবাড়ী, রাঙ্গামাটি, সাতক্ষীরা, শরিয়তপুর, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল। |
| ০২ | অফিস সহায়ক ০২ টি(পুরুষ) (সংখ্যা কম বা বেশী হতে পারে)। | | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৫,৫০০/- টাকা হতে ৩৯,১৭০/- টাকাসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | ক) এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঘ) বাই সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিস্কার, পরিচ্ছন্নতা গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে। | |

০১। আবেদনকারীগণকে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (www.pbs1.dinajpur.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ০১/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সিনিয়র জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতিত অন্য কোন আবেদন ফর্মে/সাদাকাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য ফরম-এর সাথে সংযুক্ত প্রবেশ পত্রটি পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০২। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী চাকুরী নিয়মিত করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে সাথে সাথে চাকুরীচ্যুত করা হবে।

চলমান পাতা----/০২

০৩। প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল মুল/ সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
(খ) কম্পিউটার প্রশিক্ষণে উত্তীর্ণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (ডাটা এন্ট্রি অপারেটর এর পদের জন্য)।
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়রের নিকট হতে নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।কোন পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।

০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন/ জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা হতে অপসারিত/ বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৬। নির্ধারিত আবেদন পত্রটি যথাযথ ভাবে পূরণ না করা হলে এবং ভুল তথ্য প্রদান করা হলে কোন শর্ত ছাড়াই আবেদন পত্রটি বাছাই প্রক্রিয়ার যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৭। পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে ।

০৮। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে বা চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত অন্যান্য যোগ্যতা যেমন- বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি সম্পর্কিত কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে বা যে কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।

১০। **জেলা কোটার প্রাপ্যতা না থাকায় বান্দরবান, বগুড়া, চুয়াডাঙ্গা, দিনাজপুর, গাইবান্ধা, জয়পুরহাট, কুড়িগ্রাম, লালমনিরহাট, মাগুরা, মেহেরপুর, নওগাঁ, নড়াইল, নীলফামারী, পঞ্চগড়, রাজশাহী, রংপুর ও ঠাকুরগাঁও জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।**

১১। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এ ছাড়া অত্র সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত বর্ণিত পদে নিয়োগ/বদলী পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস/ সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। নিয়োগ লাভের ক্ষেত্রে যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।
০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..............................পবিস-১/২/৩/৪।
০৫। ডেপুটি জেনারেল ম্যানেজার,সদর দপ্তর-কারিগরী/রানীরবন্দর/বিরল/বীরগঞ্জ/চিরিরবন্দর জোনাল অফিস,দিপবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম),কাহারোল/বোচাগঞ্জ/গোদাগাড়ী/খানসামা সাব জোনাল অফিস, দিনাজপুর পবিস-১।
০৭। এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/মানবসম্পদ/আইটি), দিনাজপুর পবিস-১।
০৮। এজিএম (আইটি), দিপবিস-১ (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য )।
০৯। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

D:\Nilufa\৫১৮.০২.০০৮ নিয়োগ, পদোন্নতি ও যোগদান সংক্রান্ত.doc

ফর্ম-০১
অনুমোদিতঃ ২৭-০৪-২০১৪খ্রিঃ

ISO-9001:2015 Certified

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ডাটা এন্ট্রি অপারেটর/ অফিস সহায়ক পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের আবেদন ফরম।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ তাং ★ দিনাজপুর ★

সিনিয়র জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর

............................................ ............................................
১. আবেদনকৃত পদের নাম ২. পদের ধরণ
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

............................................ ............................................
৩. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৪ পত্রিকায় প্রকাশনার তারিখ

............................................ ............................................ ............................................
৫. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৬. জন্ম তারিখ(জাতীয় পরিচয় পত্র/নিবন্ধন অনুযায়ী)

............................................ ............................................ (দিন/মাস/বছর)
৭. মাতার নাম ৮. বয়স (২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে)

............................................ ............................................
০৯. পিতার নাম ১০. ধর্ম

............................................ ............................................
১১. জাতীয়তা ১২. নিজ জেলা

............................................
১৩. টেলিফোন/ মোবাইল নম্বর ১৪. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন) [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৫. মুক্তিযোদ্ধা কোটায় সম্পৃক্ত থাকলে নিচের বক্সের সংশ্লিষ্ট স্থানে টিক চিহ্ন (√) দিন ঃ

[ ] *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা* [ ] *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা*

১৬. স্থায়ী ঠিকানাঃ

............................................ ............................................ ............................................ ............................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

............................................ ............................................ ............................................ ............................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

............................................ ............................................ ............................................
১৮. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ১৯. ব্যাংক ড্রাফট এর মূল্য ২০. ইস্যুর তারিখ

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২২. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৫. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে) | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

-------------------------------- তারিখ

---------------------------------------- আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..........................................................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ................................................

..........................................................................

<u>প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী</u>

১) পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২) নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩) উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪) পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫) চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬) পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭) পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮) উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস এর কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।